**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/8/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল সাউদার্ন টিয়ারের প্রথম প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা ডিস্পেন্সারি উদ্বোধনের ঘোষণা করলেন

## *বিংহ্যামটন ডিস্পেন্সারি খুলবে 10 ফেব্রুয়ারি, শুক্রবার; এটি নিউ ইয়র্ক সিটির বাইরের প্রথম ডিস্পেন্সারি হবে*

## *আগামী সপ্তাহগুলিতে আরো ডিস্পেন্সারি খুলবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে সাউদার্ন টিয়ারের শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য খুচরা বিক্রির গাঁজা ডিস্পেন্সারি (Conditional Adult-Use Retail Dispensary, CAURD) লাইসেন্সের প্রথমটি খুলবে বিংহ্যামটনে। এই দোকানটির উদ্বোধন নিউ ইয়র্ক স্টেটের সিডিং সুযোগ উদ্যোগকে (Seeding Opportunity Initiative) এবং গাঁজা লাইসেন্সের ক্ষেত্রে স্টেটের সমতার লক্ষ্যকে অগ্রসর করে, যা গাঁজার কারণে সাজাপ্রাপ্ত মামলায় জড়িত ব্যক্তিদের বা তাদের ঘনিষ্ঠ আত্মীয়দেরকে এবং মামলায় জড়িত ব্যক্তিদের সেবাদানকারী অলাভজনক সংগঠনকে লাইসেন্স প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করে। বিংহ্যামটনের পরিকল্পনা বোর্ড গতকাল সন্ধ্যায় এর চূড়ান্ত অনুমোদন দিয়েছে, যা 10 ফেব্রুয়ারি দোকানটি খোলার পথ করে দিয়েছে।

"বিংহ্যামটনে জাস্ট ব্রিদের (Just Breathe) মতো নতুন ডিস্পেন্সারি খোলার মাধ্যমে আমরা দেশের সর্বাধিক সমতার ও অন্তর্ভুক্তিকর গাঁজা শিল্পখাতকে এখানে, নিউ ইয়র্কে সম্প্রসারিত করে যাচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "স্বাধীন ব্যবসা ডিস্পেন্সারির মালিক, নিউ ইয়র্কের চাষী যারা তাদের ফসলের জন্য হৃদয় উজাড় করে দিয়েছেন, এবং এম্পায়ার স্টেটে এবং এর থেকে বৈধভাবে ক্রয় করা গাঁজা উপভোগ করতে চাওয়া সকল প্রাপ্তবয়স্ককে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে।"

বিংহ্যামটনে খুলতে যাওয়া ডিস্পেন্সারির - 75 কোর্ট স্ট্রিটের জাস্ট ব্রিদ - মালিকানায় ও পরিচালনায় থাকছে অভিজ্ঞ স্থানীয় উদ্যোক্তা ড্যামিয়েন কর্নওয়েল এবং অলাভজনক সংগঠন ব্রুম কাউন্টি আরবান লীগের (Broome County Urban League, BCUL) মধ্যকার অংশীদারিত্ব। কর্নওয়েল BCUL এর সাথে উদ্যোগসমূহের নেতৃত্বদানে সাহায্য করেছেন, গত দুই দশক ধরে মামলায় জড়িত ব্যক্তিদেরকে সংস্থান, শিক্ষা ও ক্যারিয়ারের পথ প্রদান করেছেন। দোকানটি বর্তমানে লাইসেন্সধারী একটি ক্যানাবিনয়েড হেম্প খুচরা বিক্রয়কেন্দ্রের অবস্থানে খুলবে, যা

2020 সাল থেকে সফলভাবে সম্প্রদায়কে গাঁজা থেকে উৎপন্ন পণ্য, যেমন CBD তেল ও ফুলের সাথে সফলভাবে পরিচয় করিয়ে দিচ্ছে। সাউদার্ন টিয়ারে প্রথম হিসেবে এই লাইসেন্সধারী ডিস্পেন্সারিটি পুনরুজ্জীবিত বিংহ্যামটনের কেন্দ্রে ক্রেতাদের জন্য খুলে দেওয়া দেওয়া হবে যেখানে এই এলাকা ও সম্পূর্ণ নিউ ইয়র্ক স্টেট থেকে আসা পণ্য থাকবে। জনসাধারণের কাছে বিক্রির জন্য দোকানটি 10 ফেব্রুয়ারি, বিকাল 3টায় খুলে দেওয়া হবে। নিয়মিত খোলা থাকার সময় হলো সোমবার থেকে বুধবার, দুপুর 12টা থেকে রাত 8টা; বৃহস্পতিবার দুপুর 12টা থেকে রাত 9টা; শুক্রবার দুপুর 12টা থেকে রাত 10টা; এবং রবিবার দুপুর 12টা থেকে রাত 9টা।

**গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের (Cannabis Control Board) প্রধান ট্রেমাইন রাইট বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের গাঁজা শিল্পখাত বিকাশমান এবং স্থানীয় অলাভজনক সংগঠন এবং নিষেধাজ্ঞা দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষমতায়ন করার মাধ্যমে আমরা দেশকে দেখিয়ে দিচ্ছি যে কীভাবে একটি সমতার এবং ন্যায্য গাঁজা শিল্পখাত প্রতিষ্ঠা করতে হয়। গত বছর গভর্নর হোকলের শুরু করা সিডিং সুযোগ উদ্যোগ আমাদেরকে আমাদের আওতা সম্প্রসারিত করা, স্টেটজুড়ে বৈচিত্র্যময় সম্প্রদায়সমূহের জন্য সুযোগ নিয়ে আসা অব্যাহত রাখতে দিয়েছে। আমরা চাকরি তৈরি করছি, অর্থনৈতিক প্রবৃদ্ধির সূচনা করছি, এবং স্টেটজুড়ে মানসম্পন্ন গাঁজা পণ্য ও শিক্ষা পাওয়ার সুযোগ দিচ্ছি।"

**গাঁজা ব্যবস্থাপনা অফিসের (Office of Cannabis Management, OCM) নির্বাহী পরিচালক ক্রিস আলেকজান্ডার বলেন,** "যখনই গভর্নর হোকল একটি নতুন প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা ডিস্পেন্সারি উদ্বোধনের ঘোষণা করেন, আমার মুখে হাসি ফুটে উঠে, এবং যেহেতু এই দোকানটি দ্রুত খুলতে যাচ্ছে তাই আমার খুশির কোনও সীমা নেই। আমরা এমন একটি সমতার গাঁজা সরবরাহ চেইন তৈরি করেছি যা গ্রাহক বা উদ্যোক্তা উভয় হিসেবে অংশগ্রহণকারী সকল নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হবে। এটি শুধু সূচনামাত্র, আরো বড় জিনিস হতে যাচ্ছে।"

**ব্রুম কাউন্টি আরবান লীগের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জেনিফার লেস্কো বলেন,** "গাঁজা বৈধকরণ নিউ ইয়র্কের সকল বাসিন্দার জন্য একটি অর্থনৈতিক সুযোগ নিয়ে এসেছে, এবং ব্রুম কাউন্টি আরবান লিগ তার একটি অংশ হতে পেরে আনন্দিত। এই শিল্পখাতের সম্ভাবনা ব্যাপক, এবং এর মতো কোনও কিছুই আমরা এর আগে দেখিনি। মানুষকে লাভজনকভাবে চাকরি পেতে সাহায্য করাই সর্বদা আমাদের মিশন ছিলো এবং এই শিল্প ঠিক তাই করবে। এটি বিশেষ করে ব্রুম কাউন্টির দৃশ্যপট পাল্টে দিতে পারে এবং আমরা নিঃসন্দেহে এই প্রতিশ্রুতিশীল ভবিষ্যতের একটি অংশ হতে পেরে গর্বিত।"

**জাস্ট ব্রিদের পার্টনার ড্যামিয়েন কর্নওয়েল বলেন,** "আমি আমার সম্প্রদায়ে বৈধ, নিরাপদ এবং স্থানীয় উৎস থেকে পাওয়া পণ্য নিয়ে আসতে পেরে অতি আনন্দিত ও সম্মানিত বোধ করছি। এই ব্যবসা নতুন চাকরি ও স্থানীয় কর রাজস্ব হিসেবে যেই অর্থনৈতিক সুযোগ প্রদান করবে তা আমাদের এলাকার সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে উত্থিত করতে আমরা ব্রুম কাউন্টির আরবান লীগের সাথে কয়েক দশক ধরে যে কাজ করেছি তার উপর ভিত্তি করে হচ্ছে। 'জাস্ট ব্রিদ' সাউদার্ন টিয়ারে প্রথমবারের মতো গাঁজা ক্রয়ের জন্য একটি নিরাপদ ও নিয়ন্ত্রিত স্থান প্রদান করবে।"

**স্টেটের সিনেটর লিজ ক্রুগার বলেন,** "নিউ ইয়র্কে প্রতিটি নতুন গাঁজা খুচরা বিক্রয়কেন্দ্রের উদ্বোধন প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য সমতাকে কেন্দ্র করে গড়ে উঠা একটি সমৃদ্ধশালী বাজার এবং আমাদের সম্প্রদায়সমূহে সমৃদ্ধি আনবে ও এদের নোঙ্গর হিসেবে কাজ করবে এমন ক্ষুদ্র ব্যবসা তৈরি করার আমাদের লক্ষ্যকে আরেক ধাপ অগ্রসর করে। এই কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে এটি ইতিমধ্যেই একটি দারুণ বছর হয়ে উঠছে, এবং আরো অনেক কিছু হতে যাচ্ছে।"

**স্টেটের সিনেটর লিয়া ওয়েব বলেন,** "আমি গর্বিত যে আমার জেলা এবং বিংহ্যামটন শহর আপস্টেট নিউ ইয়র্কে প্রথম হিসেবে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা ডিস্পেন্সারি খুলবে। আমি জাস্ট ব্রিদকে উষ্ণ অভ্যর্থনা এবং ড্যামিয়েন কর্নওয়েলকে এই গুরুত্বপূর্ণ মাইলফলকের জন্য অভিনন্দন জানাচ্ছি। নিউ ইয়র্কের উদীয়মান গাঁজা শিল্পখাত গঠিত হয়েছে সমতার নীতির উপর এবং এই শিল্পখাত আমাদের সম্প্রদায়ে যেই অর্থনৈতিক প্রবৃদ্ধি ও নতুন কর্মসংস্থান নিয়ে আসবে আমি তা দেখার অপেক্ষা করছি।"

**অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপল-স্টোকস বলেন,** "আমি আনন্দিত যে শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য খুচরা বিক্রির ডিস্পেন্সারি খোলা অব্যাহত থাকছে। সরবরাহ চেইনের সকল পর্যায়ে যে সময়, শক্তি ও বিনিয়োগ প্রদান করা হয়েছে তা বাস্তবে পরিণত হতে শুরু করেছে এবং এই উদ্যোক্তাগণ নিউ ইয়র্ককে দেশের শীর্ষ সমতার, নিরাপদ ও সমৃদ্ধশালী গাঁজার বাজার হওয়ার পথ তৈরির অবস্থানে রয়েছে। আমি সেই দিনের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি যেদিন নিজেদের সীমানার মধ্যে খুচরা গাঁজা বিক্রয় শুরু করতে চাওয়া সকল সম্প্রদায় একইভাবে ডিস্পেন্সারির উদ্বোধন উদযাপন করতে পারবে, কিন্তু আমি হতাশ যে স্টেটের কিছু অঞ্চলে CAURD লাইসেন্স নিষিদ্ধকারী চলমান ইঞ্জাঙ্কশনের কারণে সেই অঞ্চলগুলি বঞ্চিত হচ্ছে।"

**অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন,** "অনেক বছরের পরিশ্রম অবশেষে বিংহ্যামটন শহরে ফল নিয়ে আসছে; এটি আপস্টেট নিউ ইয়র্কের খুলে দেওয়া প্রথম প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা ডিস্পেন্সারির সাইট।আমরা নিউ ইয়র্কের কৃষি পণ্য উৎপাদকদের এবং সামাজিক সমতার অংশীদারদের সমর্থন করে এমন একটি নিরাপদ, বৈধ ব্যবস্থা প্রতিষ্ঠা করতে প্রতিশ্রুতিবদ্ধ। অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচারের প্রতি সম্পূর্ণ নিবেদিত একটি সংগঠন, ব্রুম কাউন্টি আরবান লীগের সাথে অংশীদারিত্বে জাস্ট ব্রিদের উদ্বোধন যথাযথ হচ্ছে।"

**ব্রুম কাউন্টির নির্বাহী জ্যাসন গার্নার বলেন,** "ব্রুম কাউন্টিতে এই খুচরা বিক্রয়কেন্দ্র থাকার ফলে তা চাষীদের সাহায্য করবে এবং আমরা আমাদের বাসিন্দাদের যেই অতি গুরুত্বপূর্ণ সেবাদান করি তার সমর্থনের জন্য কাউন্টিকে রাজস্ব প্রদান করবে। এই শিল্পখাতকে ভোক্তাদের জন্য নিরাপদ ও নির্ভরযোগ্য করতে এবং একইসাথে স্থানীয় ব্যবসার মালিকদের সমর্থন করা নিশ্চিত করতে গভর্নর যে কাজ করেছেন আমি তার প্রশংসা করছি।"

**বিংহ্যামটনের মেয়র জ্যারেড এম. ক্রাহাম বলেন,** "বিংহ্যামটন আপস্টেট নিউ ইয়র্কে বৈধ গাঁজা শিল্পখাতের পথে নেতৃত্ব দিতে পেরে গর্বিত। নিউ ইয়র্ক সিটির বাইরে প্রথম লাইসেন্সধারী

ডিস্পেন্সারি ডাউনটাউন বিংহ্যামটনে খুলতে যাচ্ছে, তাই আমাদের সম্প্রদায় নতুন কর্মসংস্থান, সম্প্রদায়ে বিনিয়োগ এবং আমাদের শহুরে কেন্দ্রের চলমান পুনরুজ্জীবনের জন্য এই সুযোগের সর্বোচ্চ ব্যবহার করতে প্রস্তুত আছে। গাঁজা শিল্পখাতকে নিউ ইয়র্ক স্টেটে নিয়ে আসার জন্য গভর্নর হোকল ও OCM যেই কাজ করেছে তার জন্য তাদের ধন্যবাদ।"

গভর্নর হোকল জানুয়ারি মাসে নিউ ইয়র্ক স্টেটে প্রথম উদ্যোক্তা শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য খুচরা বিক্রির ডিস্পেন্সারি লাইসেন্স শুরুর ঘোষণা করেন। এর পূর্বে, অলাভজনক সংগঠন হাউজিং ওয়ার্কস পরিচালিত স্টেটের প্রথম লাইসেন্সধারী ডিস্পেন্সারি খোলা হয় ডিসেম্বর মাসের শেষের দিকে। CAURD লাইসেন্স হলো নিউ ইয়র্ক স্টেটের সিডিং সুযোগ উদ্যোগের একটি কেন্দ্রীয় স্তম্ভ। এই উদ্যোগের মাধ্যমে, নিউ ইয়র্কের প্রথম বৈধ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের খুচরা ডিসপেনসারিগুলো গাঁজা নিষিদ্ধকরণ আইন প্রয়োগের ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া ব্যক্তিদের দ্বারা অথবা সাবেক কারারুদ্ধ ব্যক্তিদেরকে সহায়তা করার জন্য সেবা প্রদানকারী অলাভজনক সংস্থাগুলোর দ্বারা পরিচালিত হবে। এই ডিস্পেন্সারিগুলি নিউ ইয়র্কের চাষীদের দ্বারা উৎপন্ন গাঁজা পণ্য বৈধভাবে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য বিক্রি করছে।

যোগ্য হওয়ার জন্য আবেদনকারীদের নিজেকে বা তার পরিবারের ঘনিষ্ঠ সদস্যদের কাউকে একটি গাঁজা অপরাধে দোষী সাব্যস্ত হতে হবে এবং এমন একটি ব্যবসার মালিক হতে হবে যেটির কম পক্ষে দুই বছর ধরে নেট মুনাফা হয়েছে। অলাভজনক সংস্থাগুলো CAURD লাইসেন্স পাওয়ার জন্য উপযুক্ত হবে যদি সেগুলোর বর্তমান বা সাবেক কারারুদ্ধ ব্যক্তিদের সেবা প্রদান করার ইতিহাস থাকে, যেমন সেসব ব্যক্তিদের জন্য কারিগরি শিক্ষা অর্জনের সুযোগ-সুবিধা তৈরি করা; বিচার ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত কমপক্ষে একজন বোর্ড সদস্য থাকে; কমপক্ষে পাঁচজন পূর্ণকালীন কর্মচারী থাকে; এবং কমপক্ষে দুই বছর ধরে মুনাফা বা নেট সম্পদ অর্জন করেছে এমন কোনো সামাজিক ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করে থাকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418